



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইলঃ dgmpd2@krishibank.org.bd
ওয়েবঃ www.krishibank.org.bd
ফোনঃ ৯৫৫৬৯১১, ৯৫৫৩৬৩৭



হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং-প্রকা/এইচআরএমডি-১(সেকশন-২)/ডিজিএম(এইচ-৭১৯)/২০১৯-২০২০/১৯১৫

তারিখ : ১৩-০৫-২০২০

কর্মী সংক্রান্ত ঘোষণা


জনাব এ, কে, এম হাতেম আলী (এইচ-৭১৯), মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (উপমহাব্যবস্থাপক), বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর-কে The Public Servants (Retirement) Act, 1974 এবং The Public Servants (Retirement) (Amendment) Act, 2012 অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ১৯-০৬-২০২০ তারিখকে কর্মহীন দিবস গণ্য করতঃ চাকুরী হতে অবসর এবং ২০-০৬-২০২০ হতে ১৯-০৬-২০২১ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণ বেতনে অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। উক্ত কর্মকর্তা আগামী ১৯-০৬-২০২০ তারিখের অব্যবহিত পূর্ববর্তী কর্মদিবস শেষে দায়িত্বের হস্তান্তর করবেন।

০২। সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর আলোকে তাঁর প্রাপ্য ১৮ (আঠার) মাসের ছুটি নগদায়ন বাবদ ৬৮,৭৭০×১৮=১২,৩৭,৮৬০/- (বার লক্ষ সাইত্রিশ হাজার আটশত ষাট মাত্র) টাকা প্রদানের বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক মঞ্জুর করা হয়েছে। জনাব এ, কে, এম হাতেম আলী-র প্রাপ্য আনুতোষিক হতে দায়দেনার পরিমাণ বেশী হওয়ায় তাঁর প্রাপ্য ছুটি নগদায়নের অর্থ অনাদায়ী গৃহ নির্মাণ অগ্রিমের সাথে সমন্বয় হবে। উল্লেখ্য, অবসরোত্তর ছুটিতে গমনের পর তাঁর বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা অনির্পন্ন নেই মর্মে পুনর্নিশ্চিত হয়ে ছুটি নগদায়নের টাকা প্রদেয় হবে।

০৩। তিনি গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ১০ ধারা এবং বিদ্যমান পেনশন নীতিমালা'র আলোকে অবসর সুবিধাদি প্রাপ্য হবেন।

অনুমোদনক্রমে-

জনাব এ, কে, এম হাতেম আলী (এইচ-৭১৯)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (উপমহাব্যবস্থাপক)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।



২৬.০৫.২০২০
(মোহাম্মদ সেলিম খান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

নং-প্রকা/এইচআরএমডি-১(সেকশন-২)/ডিজিএম(এইচ-৭১৯)/২০১৯-২০২০/১৯১৫(১২৫০)

তারিখ : ১৩-০৫-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা-কে কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১০। নথি/মহানথি।


২৬/০৫/২০২০
(শরীফ মাহমুদ)
মুখ্য কর্মকর্তা